যে দয়া করে না, তার প্রতি দয়া করা হয় না।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মরফূ হিসেবে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি
ওয়া সাল্লাম হাসান বিন আলী রাদিয়াল্লাহু আনহুমাকে চুম্বন করেছেন। এ সময় আকরা বিন
হাবিস তাঁর কাছে বসা ছিলেন। অতঃপর আকরা বললেন, আমার দশজন সন্তান আছে অথচ আমি তাদের কাউকেই চুম্বন করিনি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দিকে তাকিয়ে বললেন, “যে দয়া করে না, তাকে দয়া করা হয় না।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সংবাদ দেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাসান বিন আলী রাদিয়াল্লাহু আনহুমাকে চুম্বন করেছেন। এ সময় আকরা ইবন হাবিস আত-তামীমি তাঁর কাছে বসা ছিলেন। অতঃপর আকরা বললেন, আমার দশজন সন্তান আছে অথচ আমি তাদের কাউকেই কখনো চুমা দেইনি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দিকে তাকিয়ে বললেন, “যে সৃষ্টির প্রতি দয়া করে না, আল্লাহর পক্ষ থেকে তার প্রতি দয়া করা হয় না।” অন্য বর্ণনায় এসেছে: আল্লাহ যদি তোমার হৃদয় হতে দয়া উঠিয়ে নেন, তবে তোমার ওপর আমার কি কোনো অধিকার আছে? অর্থাৎ আল্লাহ তাআলা তোমার অন্তর থেকে দয়া-মায়া উঠিয়ে নিলে আমার কী করার েঅাছে? আমার কি তা ফিরিয়ে দেওয়ার কোনো ক্ষমতা রাখি?

http://www.sunnah.global/hadeeth/bn/show/5440